৬৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ...18 JUN 1994...
পৃষ্ঠা ১ কলাম ৪

# ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বজায় রাখিতে হইবে

প্রধানমন্ত্রী

জিয়া জাতীয়তাবাদী ছাত্রদল সদস্যদের প্রতি ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বজায় রাখা এবং নিজেদেরকে শিক্ষিত, সৎ ও দেশপ্রেমিক নাগরিক হিসাবে গড়িয়া তোলার আহ্বান জানাইয়াছেন যাহাতে তাহারা ভবিষ্যতে দেশের নেতৃত্ব দিতে পারে।

(১১ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

দেশের উন্নয়ন, দরিদ্র্য বিমোচন, স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে বিএনপির পতাকা এবং ছাত্রদলের ভাবমুতি সমুন্নত রাখার জন্য ও তিনি তাহাদের প্রতি আহ্বান জানান।

গতকাল শুক্রবার রাতে তাহার হেয়ার রোডের বাসভবনে ঢাকা কলেজসহ ঢাকার ৫টি কলেজের ছাত্র সংসদের নব-নির্বাচিত নেতৃবৃন্দের উদ্দেশে বক্তৃতাকালে তিনি এই আহ্বান জানান।

রাজধানী নগরীর পাঁচটি কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল মনোনীত প্রার্থিদের বিপুল বিজয় প্রসঙ্গে বিএনপির চেয়ারপারসন বেগম জিয়া বলেন, শহীদ জিয়াউর রহমানের আদর্শ এবং দলের জাতীয়তাবাদী রাজনীতিতে উজ্জীবিত হইয়া ছাত্র সমাজ যে ছাত্র দলের পতাকাতলে সমবেত হইয়াছে; ইহা শুভ লক্ষণ। তিনি আরও বলেন, ইহাও সুস্থ লক্ষণ যে, ভবিষ্যৎ প্রজন্ম এখন বাংলাদেশী জাতীয়তাবাদ, উৎপাদনের রাজনীতি এবং দেশের স্বনির্ভরতার আদর্শে অনুপ্রাণিত হইয়াছে।

প্রধানমন্ত্রী বলেন, ছাত্র সমাজ এবং দেশের জনসাধারণ বিএনপি ও উহার অঙ্গ সংগঠনগুলিতে আস্থা স্থাপন করিয়াছে ও বিশ্বস্ত বন্ধু হিসাবে গ্রহণ করিয়াছে।

বেগম জিয়া বলেন, দেশব্যাপী বিএনপি ও ছাত্রদল উভয়ের ক্রমবর্ধমান জনপ্রিয়তা দেখিয়া বিরোধীদল ভীতসন্ত্রস্ত হইয়া যাহা কোন ইস্যু নয় তাহাকেই ইস্যু করিয়া জনগণকে বিভ্রান্ত করিতেছে। বিগত তিন বছরে বর্তমান জবাবদিহিমূলক গণতান্ত্রিক সরকারের অধীনে অর্থনৈতিক উন্নয়ন ও খাদ্যউৎপাদনে প্রায় স্বয়ংসম্পূর্ণতা অর্জনের ফলে বিশ্বব্যাপী যখন দেশের ভাবমুতি উজ্জ্বল হইয়া উঠিয়াছে তখন বিরোধীদল হরতালের রাজনীতির আশ্রয় লইয়াছে।

প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার শিক্ষা ও সমাজ খাতে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়াছে এবং দেশকে উন্নয়ন ও সমৃদ্ধির উচ্চ শিখরে লইয়া যাওয়ার জন্য বাজেটে মানব সম্পদ উন্নয়নে সর্বাধিক বরাদ্দ দিয়াছে। তিনি দুঃখ প্রকাশ করিয়া বলেন যে, জিয়াউর রহমান যখন তলাহীন ঝুড়ির পরিচয় কাটাইয়া দেশকে অগ্রগতি ও স্বনির্ভরতার পথে লইয়া যাইতেছিলেন, তখন ষড়যন্ত্রকারীদের হাতে তিনি শহীদ হন।

তিনি গত তিন বছরে বর্তমান সরকারের আমলে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের বিবরণও দেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন, শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার, আমানউল্লাহ আমান এমপি, বরকত উল্লাহ বুলু এমপি, জাতীয়তাবাদী ছাত্র দলের কেন্দ্রীয় নেতৃবৃন্দের মধ্যে ফজলুল হক মিলন, নাজিমউদ্দিন আলম, কামরুজ্জামান রতন, আবুল খায়ের ভুঁইয়া, নবনির্বাচিত ভিপিগণ হারুনুর রশীদ, শেখ শহীদুল আলম, মামুনুর রশীদ, সৈয়দ শমশের আলী ও কামাল হোসেন।